| |
|---|
| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর<br>পরিকল্পনা বিভাগ<br>ডাইরী নং ৬৩ তারিখঃ ২১/১১/১৬ |
| সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল |
| প্রোগ্রামার |
| মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার |
| সহকারী প্রোগ্রামার-১ |
| সহকারী প্রোগ্রামার-২ |
| সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার |
| সংশ্লিষ্ট কর্মকর্তা |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং।

নং-২০.২৩২.০১৪.০০.০০.২০১.২০১৫- ৪২৭

তারিখঃ ৩০ কার্তিক, ১৪২৩
১৪ নভেম্বর, ২০১৬

**বিষয়ঃ বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি (এসপিইসি)-এর সভার বিজ্ঞপ্তি**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন **National Household Database-NHD Project ( Former BPD) Project (১ম সংশোধিত)"** শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি বিবেচনার লক্ষ্যে বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটির (এসপিইসি) সভা পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত-সদস্য জনাব মোঃ জিয়াউল ইসলাম -এর সভাপতিত্বে আগামী ২৩-১১-২০১৬ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় তাঁর সভা কক্ষে (ব্লক #২, কক্ষ #১১) অনুষ্ঠিত হবে।

২। সভার কার্যপত্র ও প্রকল্পের টিপিপি এতদসঙ্গে প্রেরণ করা হল।

৩। উল্লিখিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য/উপযুক্ত প্রতিনিধি (যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান-এর নীচে নয়) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৪/১১/১৬
(মোহাঃ আমানত আলী)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৯৯১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: জনাব জহরুল ইসলাম, সহকারী প্রধান)।
৪। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ:আ: মহাপরিচালক , শিক্ষা ও সামাজিক সেক্টর)।
৫। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও , ঢাকা।
৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৭। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিবি ভবন, আগারগাঁও, ঢাকা।
৮। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। মহাপরিচালক, বিবিএস, আগারগাঁও ,ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
১। উপ-সচিব (প্রটোকল শাখা), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
( ২৫ জন কর্মকর্তার আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।( ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
৩। সদস্য (আসাঅবি) মহোদয়ের একান্ত সচিব, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ,পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। বিভাগ-প্রধান, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ,পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। যুগ্ম-প্রধান (জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। উপ-প্রধান (জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং।

বিষয়: National Household Database-NHD Project ( Former BPD) Project শীর্ষক প্রকল্প (১ম সংশোধিত)অনুমোদনের সুপারিশ করার জন্য বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি সভার কার্যপত্র।

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | প্রকল্পেরনাম | : | National Household Database-NHD Project (Former BPD) Project শীর্ষক প্রকল্প। (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প। | |
| ২। | প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা | | | |
| | (ক) উদ্যোগী মন্ত্রণালয় | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়। | |
| | (খ) বাস্তবায়নকারী-সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। | |
| ৩। | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | | মূল | সংশোধিত (প্রস্তাবিত) |
| | (ক) জিওবি | : | ১৬৩৭.০০ (লক্ষ টাকা) | ৪১০৫.৯৬ (লক্ষ টাকা) |
| | (খ) প্রকল্প সাহায্য | : | ৩১২৪০.০০ (লক্ষ টাকা) | ৬৫৮৪০.৫৪ (লক্ষ টাকা) |
| | মোট | : | ৩২৮৭৭.০০ (লক্ষ টাকা) | ৬৯৯৪৬.৫০ (লক্ষ টাকা) |
| ৪। | প্রকল্পের বাস্তবায়ন কাল | | মূল | সংশোধিত (প্রস্তাবিত) |
| | (ক) আরম্ভ | : | জুলাই, ২০১৩ | জুলাই, ২০১৩ |
| | (খ) সমাপ্তি | : | ডিসেম্বর, ২০১৭ | ডিসেম্বর, ২০১৮ |
| ৫। | প্রকল্প সাহায্যের উৎস | : | বিশ্ব ব্যাংক ও জিওবি | |
| ৬। | প্রকল্প এলাকা | : | জাতীয়ভাবে (সমগ্র বাংলাদেশ) | |
| ৭। | প্রকল্পটির এডিপি-তে বরাদ্দ | : | ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ ২২৩২০.০০ লক্ষ টাকা। ( জিওবি-৬০৬.০০, প্রকল্প সাহায্য-২১৭১৪.০০) | |
| ৮। | প্রকল্পের উদ্দেশ্যাবলী | | | |
| | প্রধান উদ্দেশ্য: (ক) ৬ষ্ঠ পঞ্চবর্ষিকী পরিকল্পনায় বর্ণিত দারিদ্র্য বিমোচন কৌশলসমূহের মধ্যে একটি গুরুত্বপূর্ণ উপাদান সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সমন্বয়, সক্ষমতা ও আওতা নিধারণ শক্তিশালীকরন আলোচ্য প্রকল্পের মাধ্যমে পূরণ করা যাবে মর্মে আশা করা হচ্ছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় জাতীয় খানা সমূহের ডাটাবেজ(এনএইচডি) তৈরী করা হবে যা নিরাপত্তা সেবা সরবরাহের জন্য দরিদ্র পরিবারের লক্ষ্যমাত্রা নির্ধারন করা সহজতর হবে এবং অন্যান্য মন্ত্রণালয় এবং বিভাগ কর্তৃক যেসব নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নাধীন আছে তাদের মধ্যে সমন্বয় সাধন সহায়ক হবে। একটি জাতীয় লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রনালীর মাধ্যমে জ্বালানী, বিদ্যুৎ, গ্যাস ইত্যাদি খাতে সরকারের ভর্তুকি যৌক্তিকীকরণ করা সম্ভব হবে। পরিনামে সরকারের অন্যান্য উন্নয়ন কর্মকান্ডে সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা সম্ভব হবে। | | | |
| | বিশেষ উদ্দেশ্য: (ক) দেশব্যাপী সকল খানার জন্য খানার সদস্যগণের মৌলিক তথ্য সম্বলিত একটি ডাটাবেইজ প্রস্তুতকরণ (রাউন্ড/ফেজ ভিত্তিক),যার মধ্যে ডেমোগ্রাফিক, সামাজিক, অর্থনৈতিক এবং অন্যান্য তথ্য অন্তর্ভূক্ত রয়েছে। | | | |
| | (খ) দরিদ্র খানা সমূহের এ ডাটাবেইজ ব্যবহার করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির টার্গেটিং সহজীকরণ হবে। তাছাড়া অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচি সমূহের মাধ্যমে উপকারভোগী নির্ধারণ করে দ্বৈততা পরিহার করতে এ ডাটবেইজ ব্যবহার করা হবে। | | | |
| ৯। | প্রকল্পের পটভূমি: সরকারের গৃহীত নানা পদক্ষেপের ফলে বাংলাদেশে দারিদ্রের হার ক্রমাগতভাবে হ্রাস পেলেও জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে মোট দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা (Absolute number) আরও বৃদ্ধি পাচ্ছে । বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো(বিবিএস) পরিচালিত Household Income & Expenditure Survey (HIES)এর মাধ্যমে নিয়মিতভাবে দেশের দরিদ্র হার নিরুপণ ও পর্যবেক্ষণ করা হয়ে থাকে । বর্তমান সরকার বিদ্যমান দারিদ্র হার ও দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা ব্যাপকভাবে হ্রাস করতে নানামুখী কর্মসূচি গ্রহণ করেছে। | | | |

| | |
|---|---|
| | সরকারের লক্ষ্য হচ্ছে ২০২১ সালের মধ্যে বর্তমানে দারিদ্র সীমার নীচে বসবাসকারী জনগোষ্ঠীর হার নামিয়ে আনা । দেশে সম্পূর্ণভাবে দারিদ্র বিমোচন না হওয়া পর্যন্ত অতিদরিদ্র জনগোষ্ঠীর জন্য টেকসই সামাজিক নিরাপত্তা কার্যক্রম গড়ে তোলার বিষয়ে সরকার প্রতিশ্রুতিবদ্ধ । ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সরকার দারিদ্র বিমোচনের কৌশল নির্ধরিণ করেছে ।<br><br>অতিদ্রুত এবং কার্যকরভাবে দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকার বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচী গ্রহণ করেছে । অতিদরিদ্র জনগোষ্ঠীকে নির্ভুলভাবে চলমান সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা একটি বড় চ্যালেন্জ । বাস্তবে দেখা যায় যে, নির্বাচিত সুবিধাভোগীগণ প্রায়শই কর্মসূচীর উদ্দেশ্যের সাথে সংগতি রেখে নির্বাচিত হয় না । অথচ সরকারের চলমান ৯৯টি সামাজিক নিরাপত্তা ও সামাজিক ক্ষমতায়ন কর্মসূচীর উপকারভোগীগণকে সঠিকভাবে নির্বাচন করা সম্ভব হলে দেশের দারিদ্র বিমোচন আরও দ্রুততর হতো। বর্তমান প্রেক্ষাপটে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচীকে আরো সুনির্দিষ্ঠ ও কার্যকরভাবে বাস্তবায়নের জন্য দেশের দরিদ্র জনগোষ্ঠীর তালিকা সম্বলিত একটি ডাটাবেইজ প্রস্তুতএবং সকল খানার খানা সদস্যগণের মৌলিক তথ্য সম্বলিত ডাটাবেইজ প্রস্তুত এবং সকল খানা সদস্যদের মৌলিক তথ্য সম্বলিত ডাটাবেজ প্রস্তুতের জন্য এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। |
| ১০। | প্রকল্পের অর্থায়ন: বিশ্বব্যাংক (সফট লোন) ও জিওবি। |
| ১১। | প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন: পরিশিষ্ট –ক |

১২। প্রকল্প সংশোধনের কারণ:

| | |
|---|---|
| (ক) | মূল টিপিপি অনুসারে প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে দেশের সকল খানা হতে একই সময়ে তথ্য সংগ্রহের পরিকল্পনা ছিল। কিন্তু বিবিএস এর বিদ্যমান জনবল সংকটের কারণে একই সময়ে দেশের সকল খানা হতে তথ্য সংগ্রহ করা অসম্ভব বিধায় প্রকল্পের টেকনিক্যাল কমিটি এবং স্টিয়ারিং কমিটি ধাপে ধাপে তথ্য সংগ্রহের কাজ সম্পন্ন করার সুপারিশ করে। সে অনুযায়ী ৩টি ধাপে (Phase) দেশের প্রতিটি খানা হতে তথ্য সংগ্রহের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বিধায় এ বিষয়টি প্রকল্প দলিলে সংযোজিত হওয়া প্রয়োজন। |
| (খ) | মুল টিপিপি অনুযায়ী দেশের প্রতিটি খানা হতে তথ্য সংগ্রহের সুবিধার্থে প্রতি ৩৫০ টি খানা সমন্বয়ে একটি গণনা এলাকা গঠনের ব্যবস্থা ছিল। কিন্তু উপাত্তের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে পূর্ব অভিজ্ঞতার আলোকে প্রকল্পের টেকনিক্যাল কমিটি ও স্টিয়ারিং কমিটি সুপারিশের প্রেক্ষিতে প্রতি ২০০ খানার সমন্বয়ে একটি গণনা এলাকা গঠনের সিদ্ধান্ত গ্রহণের ফলে স্থানীয়ভাবে নিয়োগকৃত গণনাকারী ও সুপারভাইজারের সংখ্যা ১,০৬,৫০০ (২,২৪,২০০-১,১৭,৭০০) জন বৃদ্ধি পেয়েছে। তাছাড়া মূল টিপিপি অনুযায়ী প্রতিজন গণনাকারীকে প্রতিদিনের জন্য ৩৫০/- ও সুপারভাইজারকে ৪০০/- হারে পারিতোষিক প্রদানের বিষয়টি অনুমোদিত ছিল। তিন বছরেরও অধিককাল পূর্বে নির্ধারিত দৈনিক পারিতোষিক বর্তমান বাজার মূল্যের সংগে সামঞ্জস্য বিধানের বিষয়টি বিবেচনা করে টেকনিক্যাল কমিটির সুপারিশের আলোকে স্টিয়ারিং কমিটির অনুমোদনের প্রেক্ষিতে বর্তমানে তা যথাক্রমে ৬০০/- ও ৭০০/- টাকা হারে প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে। মূলতঃ গণনাকারী ও সুপারভাইজারের সংখ্যা ও পারিতোষিকের হার বৃদ্ধির কারণে এ সংক্রান্ত ব্যয় ১২৬.৪৬ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৩১৭.৯৫ কোটি টাকা অর্থাৎ ১৯১.৪৯ কোটি টাকা অতিরিক্ত প্রয়োজন হবে। |
| (গ) | প্রকল্পের সংস্থান অনুযায়ী প্রতিটি খানা হতে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে প্রশ্নপত্র মুদ্রণ, তথ্য ধারণ ও ডাটাবেইজ প্রণয়নের নিমিত্ত আইসিআর ফার্ম, তথ্য সংগ্রহ কাজে নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ফার্ম এবং ব্যাপক প্রচারণা ও জনসচেতনতা বৃদ্ধির জন্য পিআইসি ফার্ম নিয়োগের প্রস্তাব Cabinet Committee on Government Purchase (CCGP)তে প্রেরণের পর্যায়ে রয়েছে।। কারিগরী ও আর্থিক মূল্যায়নের ভিত্তিতে নির্বাচিত ৩টি ফার্মের চুক্তিমূল্য (Negotiated Price), অগ্রিম আয়কর (AIT) ও মূল্য সংযোজন করসহ (VAT) আইসিআর ফার্মের ক্ষেত্রে ১১৫ কোটি টাকা ( মূল টিপিপি অনুযায়ী ৭৩ কোটি ৪৪ লক্ষ টাকার সংস্থান আছে); পিআইসি ফার্মের ক্ষেত্রে ১৬.০০ কোটি টাকা ( মূল টিপিপি অনুযায়ী ৯ কোটি ৫০ লক্ষ টাকার সংস্থান আছে); এবং ট্রেনিং ফার্মের ক্ষেত্রে ৩০ কোটি টাকা ( মূল টিপিপি অনুযায়ী ১৫ কোটি ৮১ লক্ষ টাকার সংস্থান আছে)। এ খাতে ৩টি ফার্মের জন্য মূল টিপিপি অনুযায়ী বরাদ্দকৃত সর্বমোট ৯৮ কোটি ৭৫ লক্ষ টাকার স্থলে ১৬১ কোটি টাকা অর্থাৎ অতিরিক্ত ৬২ কোটি ২৫ লক্ষ টাকার প্রয়োজন হবে। |
| (ঘ) | প্রকল্পের আওতায় কর্মরত ৮ জন কর্মকর্তা/কর্মচারী, নিয়োগ প্রক্রিয়াধীন ৫৪৫ জন ডাটা এন্ট্রি অপারেটর ছাড়াও অর্থ বিভাগের জনবল কমিটি অনুমোদনের ধারাবাহিকতায় অতিরিক্ত ১৩ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োগের সংস্থানের প্রেক্ষাপটে প্রকল্প দলিল সংশোধন করা প্রয়োজন। অধিকন্তু নতুন পে-স্কেল ২০১৫ অনুসারে কর্মকর্তা/কর্মচারীগণের বেতন-ভাতাদিরও সংস্থান রেখে সংশোধিত টিপিপিতে প্রস্তাব করা হয়েছে। |

| | |
|---|---|
| (ঙ) | প্রকল্পের সংস্থান অনুযায়ী উল্লেখিত আইসিআর ফার্ম, প্রশিক্ষণ ফার্ম এবং পিআইসি ফার্ম নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার ক্ষেত্রে পরিকল্পিত সময়ের তুলনায় বাস্তব কারণে অধিক সময় ব্যয় হওয়ায় মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করতে বিলম্ব হচ্ছে। এ কারণে বাস্তবতার নিরিখে প্রকল্পের বর্তমান মেয়াদ জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭ এর পরিবর্তে জুলাই ২০১৩ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত অর্থাৎ ১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। |
| (চ) | মূল টিপিপি অনুযায়ী এ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে প্রতিটি খানা হতে সংগৃহীত তথ্য যাচাইয়ের জন্য নির্বাচন কমিশনের এনআইডি ডাটাবেইজ ব্যবহারের বিষয়টি উল্লেখ ছিল। কিন্তু সরকারী প্রতিষ্ঠানের ডাটাবেইজ কোন ফি পরিশোধ ব্যতিরেকে ব্যবহার করা যাবে- এমন বিবেচনায় এ খাতে কোন বরাদ্দ রাখা হয়নি। পরবর্তীতে ফি প্রদানের বিষয়ে বাধ্যবাধকতা থাকার বিষয়টি নির্বাচন কমিশন থেকে জানা যায়। নির্বাচন কমিশনের বিধিমতে তথ্য যাচাইয়ের জন্য প্রতি ডাটা ২ টাকা হারে এবং বার্ষিক ফি ও ভ্যাট বাবদ সর্বমোট ২০ (বিশ) কোটি টাকা সংশোধিত টিপিপিতে সংস্থানের প্রস্তাব করা হয়েছে। |
| (ছ) | মূল টিপিপি অনুযায়ী স্টিয়ারিং কমিটি, টেকনিক্যাল কমিটি, ক্রয় সংক্রান্ত কমিটি, অন্যান্য কমিটির সভা অনুষ্ঠানের জন্য সদস্যদের সম্মানী ও আপ্যায়ন ব্যয় নির্বাহের জন্য অর্থের সংস্থান রাখা হয়েছিল। সংশোধিত প্রস্তাবে বর্ণিত কমিটির অতিরিক্ত মাঠ পর্যায়ে জেলা, উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন, ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভার সদস্যদের (আনুমানিক সংখ্যা ২ লক্ষ) সম্মানী ও আপ্যায়ন বাবদ ব্যয় সংশোধিত টিপিপিতে প্রস্তাব করা হয়েছে। তাছাড়া অনুমোদিত টিপিপিতে ওয়ার্কিং কমিটি ও অন্যান্য প্রয়োজনীয় কমিটিগুলোর সম্মানী ও আপ্যায়নের জন্য অর্থ সংস্থান না থাকায় বাস্তব প্রয়োজনে সংশোধিত টিপিপিতে সংস্থান রাখা হয়েছে। এখানে উল্লেখ্য যে, বর্ণিত কমিটিগুলো মূল টিপিপিতেও অর্ন্তভুক্ত ছিল কিন্তু সভা অনুষ্ঠানের জন্য কোন অর্থের সংস্থান রাখা হয়নি। |
| (জ) | এ প্রকল্পের আওতায় দেশের প্রায় ১৬ কোটি জনসাধারণের খানা-ভিত্তিক ডাটাবেইজ প্রণয়ন করা হবে। এ বিশাল ডাটাবেইজের ব্যবহার, সংরক্ষণ, তথ্যের হালনাগাদকরণ ও নিরাপত্তা বিধানের জন্য বিবিএস এর বিদ্যমান সার্ভার-সুবিধা ব্যবহার করার পরিকল্পনা ছিল বিধায় এ খাতে কোন অর্থের সংস্থান মূল টিপিপিতে রাখা হয়নি। পরবর্তীতে বিবিএস'র উক্ত সার্ভার-সুবিধাদি পরীক্ষান্তে নিশ্চিত হয় যে তা' সম্পূর্ণ ব্যবহার উপযোগী, আরও উন্নত ও আধুনিকায়নের লক্ষ্যে অতিরিক্ত ২ কোটি ৬৩ লক্ষ টাকা প্রয়োজন হবে।<br><br>বর্ণিত কার্যক্রমগুলো সম্পাদনের লক্ষ্যে বিদ্যমান বিভিন্ন অঙ্গের ব্যয় ও পরিমাণ হ্রাস/বৃদ্ধি প্রয়োজন যা প্রস্তাবিত সংশোধিত টিপিপিতে প্রস্তাব করা হয়েছে। |

১৩। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি (আগস্ট/২০১৬ পর্যন্ত): আর্থিক অগ্রগতি ৪.৪৭ %, বাস্তব অগ্রগতি ২০%

১৪। পরিকল্পনা কমিশনের মতামত:

১৪.১। প্রকল্পের নাম ইংরেজির পাশাপাশি বাংলায় লিখতে হবে।

১৪.২। প্রকল্পটি ডিসেম্বর, ২০১৭ তে সমাপ্তির জন্য নির্ধারিত আছে। কিন্তু প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি এত কম হওয়ার কারণ কি সে বিষয়ে মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারে।

১৪.৩। কর্মকর্তাদের বেতনভাতা বাবদ (৪৫০১) কোডে মূল টিপিপিতে প্রকল্প সাহায্য খাতে কোন বরাদ্দ ছিলনা অথচ সংশোধিত টিপিপিতে প্রকল্প সাহায্য বাবদ ৫৯.৯৪ লক্ষ টাকা প্রস্তাব করা হয়েছে। এ অর্থ বরাদ্দের কারণ এবং এ খাতের অর্থ হতে কাদের বেতনভাতা পরিশোধ করা হবে সে বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন।

১৪.৪। প্রকল্প দলিলে ৪৬০১ কোডে কর্মচারীর সংখ্যা ৫৫০, সংশোধিত প্রস্তাবে ৫৫৬ উল্লেখ করা হয়েছে। মূল সংখ্যা অপেক্ষা ৬ জন বৃদ্ধির কারন এবং কোন্ কোন্ পদে বৃদ্ধি হয়েছে সেই বিষয়ে সভাকে অবহিত করা যেতে পারে। মূল প্রকল্প দলিলে ৪৭০০ কোডে ভাতাদি বাবদ ১৩৫৬.২৮ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এ অতিরিক্ত বরাদ্দের কারণ ব্যাখ্যা করা যেতে পারে।

১৪.৫। রেজিষ্টেশন বাবদ ৪৮১৮ কোডে ২৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব করা হয়েছে যা মূল প্রকল্প দলিলে ছিল না। এ নতুন কম্পোনেন্ট সংযুক্ত করার কারণ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন।

১৪.৬। Insurance/Bank Charge (কোড নং-৪৮২৪) বাবদ ৮০.০০ লক্ষ টাকা এবং প্রিন্টিং/বাইন্ডিং বাবদ (কোড নং-৪৮২৭) ৪৫.০০ লক্ষ টাকা বরাদ্দসহ নতুন কম্পোনেন্ট সংযুক্ত করার কারণ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন।

১৪.৭। স্থানীয় প্রশিক্ষণে (কোড নং ৪৮৪০) ১৬৪ জন মূল টিপিপিতে উল্লেখ ছিল। কিন্তু সংশোধিত টিপিপিতে কোন সংখ্যা উল্লেখ নেই এবং ১৩৯৪.১০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এখাতে এত অধিক বরাদ্দের কারণ বিবিএস সভাকে অবহিত করতে পারেন।

১৪.৮। পরামর্শক খাতে ( কোড নং-৪৮৭৪) বরাদ্দ হ্রাসের বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে এবং কতজন ও কত মাসের জন্য নিয়োগ করা হবে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৪.৯। বৈদেশিক প্রশিক্ষণ/ শিক্ষা সফর/ সেমিনার ওয়ার্কশপ বাবদ (কোড নং ৪৮৪২) ২৫০ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এ বৈদেশিক প্রশিক্ষণের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে।

১৪.১০। সম্মানী/ভাতা বাবদ (কোড নং ৪৮৮৩) ১৯৯১১.৭১ লক্ষ টাকা বৃদ্ধি করা হয়েছে। এ সম্মানী/ভাতা কোন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রদান করা হবে এর বিস্তারিত ব্যাখ্যা প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন।

১৪.১১। কমিটি মিটিং/কমিশন বাবদ (কোড নং- ৪৮৯৫) ১৮১২.৪৫ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। এ অর্থ প্রদানে কমিটির সদস্য গণকে কত টাকা হারে সম্মানী প্রদান করা হবে তার বিবরণ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন।

১৪.১২। মোটর যানবাহন (কোড নং-৪৯০১), কম্পিউটার (কোড নং-৪৯১১) এবং অন্যান্য রিপিয়ার/মেইন্টেনেন্স বাবদ (কোড নং ৪৯৯১) বরাদ্দ বৃদ্ধির প্রস্তাবের কারণ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন।

১৪.১৩। কম্পিউটার সফটওয়ার (কোড নং-৬৮১৭) এবং এয়ার কুলার এবং ইলেকট্রিকাল ইনসটেলশন (কোড নং ৬৮৬৯) বাবদ এবং বৈদ্যুতিক স্থাপনা ( কোড নং-৭০৫৬) নতুন কম্পোনেন্ট সংযুক্ত করার কারণ সভাকে অবহিত করা যায়।

১৪.১৪। প্রকল্পের টেকনিক্যাল কমিটি এব ওয়ার্কিং গ্রুপ কমিটিতে এ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা যায়।


১৪.১১.১৬

(যুগ্ম-প্রধান )

জনসংখ্যা পরিকল্পনা ও সমন্বয় উইং

আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ

## অর্থনৈতিক কোড অনুযায়ি টিপিপি ও আরটিপিপি মধ্যে ব্যয়ের তুলনাঃ

পরিশিষ্ট-খ

(লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | কোড বিবরণ | প্রাক্কলিত ব্যয় (মূল টিপিপি) | | | | | প্রাক্কলিত ব্যয় (সংশোধিত টিপিপি) | | | | | মূল টিপিপি থেকে পার্থক্য | | | | | বৃদ্ধি/হ্রাস (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ভৌত সংখ্যা | জিওবি (ইই) | প্রকল্প সাহায্য(পিএ) | | মোট | ভৌত সংখ্যা | জিওবি (ইই) | প্রকল্প সাহায্য(পিএ) | | মোট | ভৌত সংখ্যা | জিওবি (ইই) | প্রকল্প সাহায্য(পিএ) | | মোট | |
| | | | | আরপিএ | ডিপিএ | | | | আরপিএ | ডিপিএ | | | | আরপিএ | ডিপিএ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| রাজস্ব কম্পোনেন্ট | | | | | | | | | | | | | | | | | |
| ৪৫০১ | কর্মকর্তাদের বেতন | ৩ | ৬৪.২০ | - | - | ৬৪.২০ | ১০ | ১৫৭.৬০ | ৫৯.৯৪ | - | ২১৭.৫৪ | ১০ | ৯৩.৪০ | ৫৯.৯৪ | ০.০০ | ১৫৩.৩৪ | ২৩৮.৮৫ |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৫৫০ | - | ১০৩০.৬৬ | - | ১০৩০.৬৬ | ৫৫৬ | - | ১৮৮৮.৬০ | - | ১৮৮৮.৬০ | ৫৫৬ | ০.০০ | ৮৫৭.৯৪ | ০.০০ | ৮৫৭.৯৪ | ৮৩.২৪ |
| ৪৭০০ | ভাতাদি (৪৭০০-৪৭৯৯) | লট | ৭৬.৭২ | ১৬০৯.৫২ | - | ১৬৮৬.২৪ | ৫৬৬ | ২৭৮.৮০ | ২৭৬৩.৭২ | - | ৩০৪২.৫২ | ৫৬৬ | ২০২.০৮ | ১১৫৪.২০ | ০.০০ | ১৩৫৬.২৮ | ৮০.৪৩ |
| ৪৮০০ | সরবরাহ ও সেবা | লট | ১০৮১.০৮ | ২৭৩৫৯.৩৮ | - | ২৮৪৪০.৪৬ | লট | ৩২২১.৯৬ | ৫৯৫২৮.০৪ | - | ৬২৭৫০.০০ | লট | ২১৪০.৮৮ | ৩২১৬৮.৬৬ | ০.০০ | ৩৪৩০৯.৫৪ | ১২০.৬৪ |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় (টিএ/ডিএ) | ৪৩৩৫ | ৬৮৩.৭৫ | - | - | ৬৮৩.৭৫ | ১৭১২০ | ১৮৭১.৫০ | ২৭৭০.৬০ | - | ৪৬৪২.১০ | ১৭১২০ | ১১৮৭.৭৫ | ২৭৭০.৬০ | ০.০০ | ৩৯৫৮.৩৫ | ৫৭৮.৯২ |
| ৪৮০৫ | অতিরিক্ত সময়ের ভাতা | লট | ৯৯.০০ | - | - | ৯৯.০০ | লট | ৬০.০০ | - | - | ৬০.০০ | লট | -৩৯.০০ | ০.০০ | ০.০০ | -৩৯.০০ | -৩৯.৩৯ |
| ৪৮১৫ | ডাক (ডাক,কুরিয়ার সার্ভিস ইত্যাদি) | লট | - | ১৫.০০ | - | ১৫.০০ | লট | - | ২৫.০০ | - | ২৫.০০ | লট | ০.০০ | ১০.০০ | ০.০০ | ১০.০০ | ৬৬.৬৭ |
| ৪৮১৬ | টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার/ মোবাইল | লট | ৯৩.৩৫ | - | - | ৯৩.৩৫ | লট | ১২.৩৫ | ৮১.০০ | - | ৯৩.৩৫ | লট | -৮১.০০ | ৮১.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৮১৭ | টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট | লট | - | ১৫০.৬৬ | - | ১৫০.৬৬ | লট | - | ৯০.০৮ | - | ৯০.০৮ | লট | ০.০০ | -৬০.৫৮ | ০.০০ | -৬০.৫৮ | -৪০.২১ |
| ৪৮১৮ | রেজিষ্ট্রেশন ফি | - | - | - | - | - | ৫ | ২৫.০০ | - | - | ২৫.০০ | ৫ | ২৫.০০ | ০.০০ | ০.০০ | ২৫.০০ | ০.০০ |
| ৪৮২২ | গ্যাস ও জ্বালানী | লট | - | ৫০.০০ | - | ৫০.০০ | লট | - | ৬০.০০ | - | ৬০.০০ | লট | ০.০০ | ১০.০০ | ০.০০ | ১০.০০ | ২০.০০ |
| ৪৮২৩ | পেট্রোল,তেল,লুব্রিকেন্ট | লট | - | ৪৫.০০ | - | ৪৫.০০ | লট | - | ৬৫.০০ | - | ৬৫.০০ | লট | ০.০০ | ২০.০০ | ০.০০ | ২০.০০ | ৪৪.৪৪ |
| ৪৮২৪ | বীমা / ব্যাংক চার্জেস | - | - | - | - | - | লট | ৫.০০ | ৭৫.০০ | - | ৮০.০০ | লট | ৫.০০ | ৭৫.০০ | ০.০০ | ৮০.০০ | ০.০০ |
| ৪৮২৭ | মুদ্রন ও বাঁধাই | - | - | - | - | - | লট | - | ৪৫.০০ | - | ৪৫.০০ | লট | ০.০০ | ৪৫.০০ | ০.০০ | ৪৫.০০ | ০.০০ |
| ৪৮২৮ | স্টেশনারী,সীল ও স্ট্যাম্প | লট | - | ৭৭৩.০০ | - | ৭৭৩.০০ | লট | - | ১৪৩৭.৯৩ | - | ১৪৩৭.৯৩ | লট | ০.০০ | ৬৬৪.৯৩ | ০.০০ | ৬৬৪.৯৩ | ৮৬.০২ |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন (টেন্ডার, ইত্যাদি) | লট | - | ২৫.০০ | - | ২৫.০০ | লট | - | ৮৫.০০ | - | ৮৫.০০ | লট | ০.০০ | ৬০.০০ | ০.০০ | ৬০.০০ | ২৪০.০০ |
| ৪৮৪০ | স্থানীয় প্রশিক্ষণ | ১৬৪ | - | ২৭.০০ | - | ২৭.০০ | লট | ২০৬.৫০ | ১১৮৭.৬০ | - | ১৩৯৪.১০ | লট | ২০৬.৫০ | ১১৬০.৬০ | ০.০০ | ১৩৬৭.১০ | ৫০৬৩.৩৩ |
| ৪৮৪২ | বৈদেশিক ভ্রমণ/শিক্ষা সফর /সেমিনার/ ওয়ার্কশপ | ৩০ | - | ১৬০.০০ | - | ১৬০.০০ | লট | - | ২৫০.০০ | - | ২৫০.০০ | লট | ০.০০ | ৯০.০০ | ০.০০ | ৯০.০০ | ৫৬.২৫ |
| ৪৮৪২ | সেমিনার/ওয়ার্কশপ/ কনফারেন্স(বিভাগ/ জেলা ইত্যাদি) | লট | - | ১৯২.০০ | - | ১৯২.০০ | লট | ৯৭.০০ | ১৯৫.০০ | - | ২৯২.০০ | লট | ৯৭.০০ | ৩.০০ | ০.০০ | ১০০.০০ | ৫২.০৮ |
| ৪৮৪৬ | পরিবহন ব্যয় | লট | - | ২৪৭.৩৬ | - | ২৪৭.৩৬ | লট | - | ৩৭৬.৫০ | - | ৩৭৬.৫০ | লট | ০.০০ | ১২৯.১৪ | ০.০০ | ১২৯.১৪ | ৫২.২১ |
| ৪৮৫১ | শ্রমিক মজুরী (দৈনিক ভিত্তিতে) | লট | ৮৫.০০ | - | - | ৮৫.০০ | লট | ৪০.০০ | ১৫.০০ | - | ৫৫.০০ | লট | -৪৫.০০ | ১৫.০০ | ০.০০ | -৩০.০০ | -৩৫.২৯ |

(লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | কোড বিবরণ | ভৌত সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (মুল টিপিপি) | | | | ভৌত সংখ্যা | প্রাক্কলিত ব্যয় (সংশোধিত টিপিপি) | | | | ভৌত সংখ্যা | মুল টিপিপি থেকে পার্থক্য | | | | বৃদ্ধি/হ্রাস (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | জিওবি (ইই) | প্রকল্প সাহায্য(পিএ) | | মোট | | জিওবি (ইই) | প্রকল্প সাহায্য(পিএ) | | মোট | | জিওবি (ইই) | প্রকল্প সাহায্য(পিএ) | | মোট | |
| | | | | আরপিএ | ডিপিএ | | | | আরপিএ | ডিপিএ | | | | আরপিএ | ডিপিএ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ |
| ৪৮৭৪ | কন্সালটেন্সি | লট | - | ১০৩১৭.৯৮ | - | ১০৩১৭.৯৮ | লট | - | ১৬৬১০.০০ | - | ১৬৬১০.০০ | লট | ০.০০ | ৬২৯২.০২ | ০.০০ | ৬২৯২.০২ | ৬০.৯৮ |
| ৪৮৮৩ | সম্মানী/ফি/পারিতোষিক | লট | - | ১৪৭০৬.১০ | - | ১৪৭০৬.১০ | লট | ৭২২.৬১ | ৩৩৮৯৫.২০ | - | ৩৪৬১৭.৮১ | লট | ৭২২.৬১ | ১৯১৮৯.১০ | ০.০০ | ১৯৯১১.৭১ | ১৩৫.৪০ |
| ৪৮৮৭ | ফটোকপি | লট | ৫.০০ | - | - | ৫.০০ | লট | ৫.০০ | ২৫.০০ | - | ৩০.০০ | লট | ০.০০ | ২৫.০০ | ০.০০ | ২৫.০০ | ৫০০.০০ |
| ৪৮৮৮ | কম্পিউটার সামগ্রী | লট | - | ৪৯৯.২৮ | - | ৪৯৯.২৮ | লট | - | ৩০১.৬৮ | - | ৩০১.৬৮ | লট | ০.০০ | -১৯৭.৬০ | ০.০০ | -১৯৭.৬০ | -৩৯.৫৮ |
| ৪৮৯৩ | হায়ারিং চার্জ (মোটর যান) | লট | - | ১০০.৫০ | - | ১০০.৫০ | লট | - | ১৬০.০০ | - | ১৬০.০০ | লট | ০.০০ | ৫৯.৫০ | ০.০০ | ৫৯.৫০ | ৫৯.২০ |
| ৪৮৯৫ | কমিটি মিটিং/কমিশন | লট | ১০০.০০ | - | - | ১০০.০০ | লট | ৮০.০০ | ১৭৩২.৪৫ | - | ১৮১২.৪৫ | লট | -২০.০০ | ১৭৩২.৪৫ | ০.০০ | ১৭১২.৪৫ | ১৭১২.৪৫ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | লট | ১৪.৯৮ | ৫০.০০ | - | ৬৪.৯৮ | লট | ৯৭.০০ | ৪৫.০০ | - | ১৪২.০০ | লট | ৮২.০২ | -৫.০০ | ০.০০ | ৭৭.০২ | ১১৮.৫৩ |
| ৪৯০০ | মেরামত ও সংরক্ষন | লট | ২০.০০ | ৬০.০০ | - | ৮০.০০ | লট | ২০.০০ | ৫২২.৬০ | - | ৫৪২.৬০ | লট | ০.০০ | ৪৬২.৬০ | ০.০০ | ৪৬২.৬০ | ৫৭৮.২৫ |
| ৪৯০১ | মোটর যান | লট | ১০.০০ | - | - | ১০.০০ | লট | ১০.০০ | ৫.০০ | - | ১৫.০০ | লট | ০.০০ | ৫.০০ | ০.০০ | ৫.০০ | ৫০.০০ |
| ৪৯০৬ | আসবাবপত্র ও ফিক্সার্স | লট | ৫.০০ | - | - | ৫.০০ | লট | ৫.০০ | - | - | ৫.০০ | লট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস ইকুইপমেন্ট | লট | ৫.০০ | - | - | ৫.০০ | লট | ৫.০০ | ১০.০০ | - | ১৫.০০ | লট | ০.০০ | ১০.০০ | ০.০০ | ১০.০০ | ২০০.০০ |
| ৪৯৯১ | অন্যান্য মেরামত ও সংরক্ষন | লট | - | ৬০.০০ | - | ৬০.০০ | লট | - | ৫০৭.৬০ | - | ৫০৭.৬০ | লট | ০.০০ | ৪৪৭.৬০ | ০.০০ | ৪৪৭.৬০ | ৭৪৬.০০ |
| | মোট রাজস্ব ব্যয় : | লট | ১২৪২.০০ | ৩০০৫৯.৫৫ | - | ৩১৩০১.৫৫ | লট | ৩৬৭৮.০৬ | ৬৪৭৬২.৯০ | - | ৬৮৪৪১.২৬ | লট | ২৪৩৬.০৬ | ৩৪৭০৩.৩৫ | ০.০০ | ৩৭১৩৯.৭১ | ১১৮.৬৫ |
| | মূলধন কম্পোনেন্ট | | | | | | | | | | | | | | | | |
| ৬৮০০ | সম্পদ সংগ্রহ | লট | ১৪৫.০০ | ১১৮০.৪৪ | - | ১৩২৫.৪৪ | লট | ১৫২.৬০ | ১০৭৭.৬৪ | - | ১১৮২.৭৪ | লট | ৭.৬০ | -১০২.৮০ | ০.০০ | -৯৫.২০ | -৭.১৮ |
| ৬৮০৭ | মোটর যান | ৫ | ১৪০.০০ | ১২৬.০০ | - | ২৬৬.০০ | ৫ | ১৩৮.০৩ | ১১৩.৮৫ | - | ২৫১.৮৮ | ৫ | -১.৯৭ | -১২.১৫ | ০.০০ | -১৪.১২ | -৫.৩১ |
| ৬৮১৫ | কম্পিউটার এন্ড এক্সেসরিজ | ১০৫৮০ | - | ৯১৬.৬৫ | - | ৯১৬.৬৫ | ৬২৪ | - | ৪৯০.৬৫ | - | ৪৯০.৬৫ | ৬২৪ | ০.০০ | -৪৮৬.০০ | ০.০০ | -৪৮৬.০০ | -৪৯.৭৬ |
| ৬৮১৭ | কম্পিউটার সফটওয়্যার | - | - | - | - | - | ৬০৫ | - | ২৬৩.৩২ | - | ২৬৩.৩২ | ৬০৫ | ০.০০ | ২৬৩.৩২ | ০.০০ | ২৬৩.৩২ | ০.০০ |
| ৬৮১৯ | অফিস ইকুইপমেন্ট | ২৮ | - | ১৯.০০ | - | ১৯.০০ | লট | - | ৫৪.১৮ | - | ৫৪.১৮ | লট | ০.০০ | ৩৫.১৮ | ০.০০ | ৩৫.১৮ | ১৮৫.১৬ |
| ৬৮২১ | আসবাবপত্র ও ফিক্সার্স | ৯৬ | - | ৩৩.০০ | - | ৩৩.০০ | লট | - | ৪৯.০৫ | - | ৪৯.০৫ | লট | ০.০০ | ১৬.০৫ | ০.০০ | ১৬.০৫ | ৪৮.৬৪ |
| ৬৮২৩ | টেলিযোগাযোগ সরঞ্জাম | লট | - | - | - | - | ৬১৯ | - | ২৪.৮৪ | - | ২৪.৮৪ | ৬১৯ | ০.০০ | ২৪.৮৪ | ০.০০ | ২৪.৮৪ | ০.০০ |
| ৬৮৫১ | অন্যান্য | লট | ৫.০০ | ২৫.৭৯ | - | ৩০.৭৯ | লট | ১৪.৫৭ | ৩৪.২৫ | - | ৪৮.৮২ | লট | ৯.৫৭ | ৮.৪৬ | ০.০০ | ১৮.০৩ | ৫৮.৫৬ |
| ৬৮৬৯ | শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্র | - | - | - | - | - | ১৫ | - | ৪৭.৫০ | - | ৪৭.৫০ | ১৫ | ০.০০ | ৪৭.৫০ | ০.০০ | ৪৭.৫০ | ০.০০ |
| ৭০৫৬ | বৈদ্যুতিক স্থাপনা | - | - | - | - | - | লট | ২৫.০০ | - | - | ২৫.০০ | লট | ২৫.০০ | ০.০০ | ০.০০ | ২৫.০০ | ০.০০ |
| ৭৯০১ | সিডি ভ্যাট | লট | ২৫০.০০ | - | - | ২৫০.০০ | লট | ২৫০.০০ | - | - | ২৫০.০০ | লট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | মোট (মূলধন ব্যয়) : | লট | ৩৯৫.০০ | ১১৮০.৪৪ | - | ১৫৭৫.৪৪ | লট | ৪২৭.৬০ | ১০৭৭.৬৪ | - | ১৫০৫.২৪ | লট | ৩২.৬০ | -১০২.৮০ | ০.০০ | -৭০.২০ | -৪.৪৬ |
| | সর্বমোট : | লট | ১৬৩৭.০০ | ৩১২৪০.০০ | - | ৩২৮৭৭.০০ | লট | ৪১০৫.৯৬ | ৬৫৮৪০.৫৪ | - | ৬৯৯৪৬.৫০ | লট | ২৪৬৮.৯৬ | ৩৪৬০০.৫৪ | ০.০০ | ৩৭০৬৯.৫০ | ১১২.৭৫ |



..., শেরে বাংলা নগর, ঢাকা।

১১। মহাপরিচালক, বিবিএস আগারগাঁও, ঢাকা